দৈনিক ইত্তেফাক

তারিখ 20 JUL 2017
পৃষ্ঠা 6 কলাম 2

# সৃজনশীল প্রশ্নে ৭টি নয় ৬টি প্রশ্নের উত্তরই বাঞ্ছনীয়

সৃজনশীল প্রশ্নের উত্তরে মুখস্ত করার কিছু নেই। এখানে মাথা খাটিয়ে চিন্তাভাবনা করে পরীক্ষার্থীদের উত্তর লিখতে হয়। আর পরীক্ষার্থীদের পক্ষে ৭টি প্রশ্নের উত্তর লেখা সম্ভব নয়। যদিও কয়েকজন উচ্চ মেধার শিক্ষার্থী ৭টি প্রশ্নের উত্তর লেখে, কিন্তু তাদের রিভিশন দেওয়ার সুযোগ থাকে না। শিক্ষাদান এবং শিক্ষা গ্রহণ ও মূল্যায়ন সহনীয় এবং মননশীল। আর সহনীয় এবং মননশীল শিক্ষাই হচ্ছে টেকসই শিক্ষা। শিক্ষার্থীদের ওপর বোঝা চাপিয়ে দিয়ে কোনো সুফল আসবে না। আমি একজন শিক্ষক হিসাবে শিক্ষার্থীদের অতি বাস্তব সমস্যাটি তুলে ধরলাম। আমাদের মনে রাখতে হবে শুধু শিক্ষার্থীই নয়—যে কারো জীবনে যে কোনো পরীক্ষাই একটি বাড়তি টেনশন। কাজেই ছাত্রছাত্রীদের পরীক্ষার হলে বোঝা চাপিয়ে দেওয়া ঠিক হবে না। তারা যাতে পরীক্ষার হলে স্বাচ্ছন্দ্যে পরীক্ষা দিতে পারে—প্রশ্নপত্র ঠিক সেইভাবেই হওয়া উচিত। সুতরাং এ বছরের জেএসসি এবং ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় সৃজনশীল প্রশ্নে ৬টি প্রশ্নের উত্তর দেওয়ার ব্যবস্থা করে পরীক্ষার হলে পরীক্ষার্থীদের বোঝা হালকা করার জন্যে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

**মো. আতিকুর রহমান খান**
সহকারী প্রধানশিক্ষক,
উজান গোবিন্দী বিনাইরচর উচ্চ বিদ্যালয়,
দুপ্তারা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর